বিশ্বরেকর্ড গড়ে ‘মধুর প্রতিশোধ’ নিলেন ওয়ার্নার

‘দ্য ইউনিসভার্স বস’- কে পেছনে ফেলে দিলেন অসি ওপেনার ডেভিড ওয়ার্নার।

টি-টোয়েন্টি ক্রিকেটে ক্যারিবীয় জায়ান্ট ক্রিস গেইলের হাফসেঞ্চুরি করার রেকর্ডকে ছাড়িয়ে গেলেন দিল্লি ক্যাপিটালসের এ ওপেনার।

বৃহস্পতিবার আইপিএলে নিজের পুরনো দল হায়দরাবাদকে প্রথমবার সামনে পেয়েই জ্বলে উঠলেন ওয়ার্নার। খেললেন অপরাজিত ৯২ রানের ইনিংস। দলকে এনে দিলেন দুর্দান্ত এক জয়। আর এরই সঙ্গে এক বিশ্বরেকর্ড গড়ে ফেললেন তিনি। নিলেন প্রতিশোধও।

টি-টোয়েন্টি ফরম্যাটে সবচেয়ে বেশি অর্ধশতরানের রেকর্ড এখন ওয়ার্নারের। হায়দরাবাদের বিপক্ষে ৩৪ বলে অর্ধশতরান পূর্ণ করেন এ অসি তারকা। সেই সঙ্গে গেইলকে টপকে গেলেন তিনি।

টি-টোয়েন্টিতে এতদিন সবচেয়ে বেশি ৮৮টি হাফসেঞ্চুরি ছিল গেইলের। তাকে ডিঙিয়ে সংখ্যাটা ৮৯তম করলেন ওয়ার্নার। এ দুজনের পর তালিকায় রয়েছেন বিরাট কোহলি (৭৭), অ্যারোন ফিঞ্চ (৭০) ও রোহিত শর্মা (৬৯)।

ম্যাচে শেষ পর্যন্ত ৫৮ বলে ৯২ রান করেন ওয়ার্নার। বাউন্ডারি মারেন ১২টি এবং ছক্কা মারেন ৩টি। ৩ উইকেট হারিয়ে দিল্লির সংগ্রহ ছিল ২০৭ রান। জবাবে হায়দরাবাদ ৮ উইকেটে ১৮৬ রানে থেমে যায় এবং হেরে যায় ২১ রানের ব্যবধানে।

ছয় বছর আগে হায়দরাবাদকে আইপিএল শিরোপা জিতিয়েছিলেন ওয়ার্নার। এর পর বেশ কয়েক বছর দলের হয়ে ভালো রান করেন; কিন্তু গত মৌসুমে খারাপ খেলার কারণে প্রথমে তার কাছ থেকে অধিনায়কত্ব কেড়ে নেওয়া হয়। রীতিমতো অপমান করা হয় তাকে। দল থেকেই বাদ দেওয়া হয়।

যে কারণে এবার নিলামে দিল্লি ক্যাপিটালসের হয়ে খেলছেন এ অসি ব্যাটার। অনেকের মতে, হায়দরাবাদকে হারিয়ে সেই অপমানের যেন প্রতিশোধই নিলেন ওয়ার্নার।

হারের পরও ফাইনালে যাওয়ার স্বপ্ন দেখছেন বেনজেমা

চলতি মৌসুমে বেশ দুর্দান্ত। থাকলেন ম্যানচেস্টার সিটির বিপক্ষে সেমিফাইনালের প্রথম লেগেও। রিয়াল মাদ্রিদ হেরে গেছে ৪-৩ গোলে। কিন্তু বেনজেমা ছিলেন উজ্জ্বল, নিজে করেছেন জোড়া গোল। ১১ মিনিটের মাথায় দুই গোল খাওয়া রিয়াল এখনও স্বপ্ন দেখছেন ফাইনালের।

আগের দুই রাউন্ডেও শুরুতে পিছিয়ে পড়েছিল রিয়াল মাদ্রিদ। চেলসি ও পিএসজির বিপক্ষে ম্যাচগুলোতে ত্রানকর্তা হয়েছিলেন বেনজেমা।

এবারও তেমন জাদুকরি কিছুর স্বপ্নই দেখিয়েছেন ফরাসি তারকা। তবে তার জন্য সমর্থকদের অন্য যে কোনো সময়ের চেয়ে যে বেশি করে দরকার, মনে করিয়ে দিয়েছেন সেটিও।

তিনি বলেছেন, ‘হার কখনোই ভালো জিনিস না কিন্তু এ চ্যাম্পিয়ন্স লিগ নিয়ে আমরা রোমাঞ্চিত আর গুরুত্বপূর্ণ জিনিস হচ্ছে আমরা কখনও হাল ছাড়ি না। এখন আমাদের বার্নাব্যুতে ফিরতে হবে আর সমর্থকদের অন্য যে কোনো সময়ের চেয়ে বেশি করে লাগবে জাদুকরি ও জয়ের জন্য কিছু করতে।’

মঙ্গলবার রাতের ম্যাচ নিয়ে বেনজেমা বলেছেন, ‘আমরা ম্যাচ শুরু করেছি আত্মবিশ্বাস ছাড়া, ম্যানচেস্টার সিটির মতো প্রতিপক্ষের বিপক্ষে এমনটাই ঘটবে। এ ম্যাচটাতে সবকিছুরই একটু একটু কমতি ছিল।’

তিনি আরও বলেন, ‘এখন ৯০ মিনিট বাকি আছে বার্নাব্যুতে যেখানে সমর্থকরা আবারও ব্যবধান গড়ে দিতে পারে। আমরা এ জায়গাটা মাথা উঁচু রেখে ছেড়ে যাচ্ছি পরের লেগে ভালো খেলার জন্য। সমর্থকরা গর্বের সঙ্গে স্টেডিয়াম ছেড়েছে। আমাদের নিজেদের মাথা ঠাণ্ডা রাখতে হবে আর দেখতে হবে উন্নতির জন্য আমাদের কী করতে হবে। সবকিছুর ছোট ও শুরুর ব্যাপারে।’

বার্সার হ্যাটট্রিক হারে চ্যাম্পিয়নের পথে রিয়াল

পুরনো সেই ফর্মেই যেন ফিরে গেল বার্সেলোনা। মাঝে জাভি হার্নান্দেজের জাদুতে কয়েকটি জয় পেয়েছিল বার্সা। দেখছিল ঘুরে দাঁড়ানোর স্বপ্ন। কিন্তু আবার ভেঙে পড়েছে দলটি। ক্যাম্প ন্যুতে টানা তৃতীয় ম্যাচ হেরেছে তারা। তাতে লিগ জয়ের কাছাকাছি পৌঁছে গেছে চিরপ্রতিদ্বন্দ্বী রিয়াল মাদ্রিদ।

রোববার রাতে লা লিগার ম্যাচে ১-০ গোলে রায়ো ভায়োকানোর কাছে হেরেছে বার্সেলোনা। এ হারের পর শিরোপা জিততে আর এক পয়েন্ট দরকার রিয়াল মাদ্রিদের। ইউরোপা লিগের কোয়ার্টার ফাইনালের দ্বিতীয় লেগে আইনট্রাখট ফ্রাঙ্কফুর্টের বিপক্ষে ৩-২ ও লিগে কাদিসের বিপক্ষে ১-০ ব্যবধানে হারার পর ঘরের মাঠে টানা তৃতীয় ম্যাচ হারল দলটি। এর আগে ১৯৯৮ সালে এমন পরিস্থিতির মুখোমুখি হয়েছিল তারা।

ম্যাচের মাত্র ৭ মিনিটের মাথায় এগিয়ে যায় ভায়োকানো। ন্যু ক্যাম্পকে স্তব্ধ করে দিয়ে গোল করেন আলভারো গার্সিয়া। সতীর্থের লম্বা করে বাড়ানো বল ডি-বক্সের সামনে দারুণভাবে নিয়ন্ত্রণে নিয়ে ভেতরে ঢুকে পড়েন তিনি। এর পর ডান পায়ের শটে কাছের পোস্ট দিয়ে ঠিকানা খুঁজে নেন এই স্প্যানিশ ফরোয়ার্ড।

গোল খাওয়ার পর প্রতিপক্ষকে চেপে ধরার চেষ্টা করে বার্সা। গোল করতে আক্রমণ করলেও শটগুলো থাকছিল না লক্ষ্যে। খেলার ২৭তম মিনিটে ডি-বক্সে গাভি পড়ে গেলে পেনাল্টির আবেদন করেন বার্সেলোনার খেলোয়াড়রা। যদিও পরে অফসাইডের বাঁশি বাজান রেফারি। রেফারির সিদ্ধান্তে ক্ষোভ জানিয়ে হলুদকার্ড দেখেন গাভি।

বিরতির ঠিক আগে এ গাভির শটই পোস্টে লাগে। পরে ফিরতি শটে গোল করেন ফেরান তোরেস। কিন্তু সেটা বাতিল হয়ে যায় অফসাইডে। ৬৯তম মিনিটে ডি-বক্সে প্রতিপক্ষ ডিফেন্ডারের পা ছুঁয়ে হাতে লাগলে পেনাল্টির আবেদন করে বার্সেলোনার খেলোয়াড়রা। তবে এবারও বার্সার পক্ষে বাঁশি বাজাননি রেফারি।

নির্ধারিত সময়ের ১ মিনিট বাকি থাকতে ফের পেনাল্টির আবেদন করে তারা। গাভিকে ডি-বক্সে ভায়োকানোর ডিফেন্ডার কাতেনা ধাক্কা দিয়ে ফেলে দিলে আবারও পেনাল্টির আবেদন করে স্বাগতিকরা। এবারও অফসাইডের বাঁশি বাজান রেফারি। ১১ মিনিট যোগ করা সময়েও বেশ কয়েকটি প্রচেষ্টা ছিল বার্সার। কিন্তু গোলের দেখা তারা পায়নি। ফলে হার নিয়েই মাঠ ছাড়তে হয় বার্সার।

এবার স্বর্ণ ব্যবসায় সাকিব

রেস্তোরাঁ থেকে শুরু করে কসমেটিকস-কত ব্যবসার সঙ্গেই না যুক্ত সাকিব আল হাসান। এবার স্বর্ণের ব্যবসার সঙ্গে যুক্ত হলেন। সাকিব নিজেই জানালেন, তিনি বুদ্ধিমান বলেই ক্রিকেট খেলার ফাঁকে এমন সুযোগ কাজে লাগান।

আগামী ৮ মে দুই ম্যাচের টেস্ট সিরিজ খেলতে শ্রীলংকা দল বাংলাদেশ সফরে আসবে। সাকিব বলেন, ‘লংকানদের বিপক্ষে সিরিজ জিতবে বাংলাদেশ।’

টেস্ট চ্যাম্পিয়নশিপের অংশ হিসাবে লংকানদের বিপক্ষে দুটি টেস্ট ম্যাচ খেলবে বাংলাদেশ। শ্রীলংকা অন্য ফরম্যাটে কিছুটা দুর্বল হলেও টেস্টে তারা বরাবরই শক্ত প্রতিপক্ষ। তবে সাকিব মনে করেন, সিরিজে ভালো করবে বাংলাদেশ।

আশার কথা শুনিয়ে এই বাঁ-হাতি অলরাউন্ডার শুক্রবার বলেন, ‘শ্রীলংকার বিপক্ষে অবশ্যই ভালো কিছুর প্রত্যাশা থাকবে। যদিও দুদলের জন্যই কন্ডিশন প্রায় সমান। আশা করি, এই সিরিজে ইতিবাচক কিছু হবে। সিরিজটা আমরা জিতব।’

এদিকে ‘কিউরিয়াস’ সুইস মেড গোল্ডবারের সঙ্গে ব্যবসায়ে যুক্ত হয়েছেন সাকিব। বনানীতে শোরুম উদ্বোধনের অনুষ্ঠানে স্বর্ণ ব্যবসার সঙ্গে নিজের যুক্ত হওয়ার কথা জানান তিনি।

ক্রিকেটের বাইরে কিভাবে এত সময় পান জানতে চাইলে সাকিব বলেন, ‘আমি হয়তো অনেক জায়গায় (ব্যবসায়ে) জড়িত আছি। তবে ক্রিকেট সবার আগে।

হয়তো এ ধরনের (উদ্বোধনী অনুষ্ঠানে) জায়গাগুলোতে থাকি। তবে দেখবেন কখনই অফিস করি না। অবশ্যই কোয়ালিফাইড মানুষের সঙ্গে থাকি। বুদ্ধিমান মানুষরা সেটাই করে হয়তো।’

যুক্তরাষ্ট্র থেকে দেশে ফিরে বৃহস্পতিবার ঢাকা প্রিমিয়ার সুপার লিগের ম্যাচ খেলেছেন সাকিব লিজেন্ডস অব রূপগঞ্জের হয়ে। লিগের বাকি ম্যাচগুলোতেও খেলবেন তিনি। শ্রীলংকার বিপক্ষে সিরিজেও খেলবেন। ১৫ মে চট্টগ্রামে প্রথম এবং ২৩ মে ঢাকায় দ্বিতীয় টেস্ট শুরু হবে। ঈদের পর বাংলাদেশ দলের অনুশীলন ক্যাম্প শুরু ৮ মে।

টি-টোয়েন্টি বিশ্বকাপ দলে বিজয়কে চান মাশরাফি

ঢাকা লিগের ইতিহাসে এক আসরে সর্বোচ্চ রানের রেকর্ড গড়া এনামুল হক বিজয়কে আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপ দলে চান মাশরাফি বিন মুর্তজা।

অক্টোবর-নভেম্বরে অস্ট্রেলিয়ায় হবে ক্রিকেটের সংক্ষিপ্ত ফরম্যাটের এই বিশ্বকাপ। ক্রিকেটের এই বড় মঞ্চে ফের এনামুল হক বিজয়কে দেখতে চান জাতীয় দলের সাবেক অধিনায়ক মাশরাফি বিন মুর্তজা।

ঢাকা লিগের চলতি আসরে ১২ ম্যাচ দুই সেঞ্চুরি আর ৭ ফিফটির সাহায্যে রেকর্ড সর্বোচ্চ ৮৭৮ রান করা এনামুল সম্পর্কে মাশরাফি বলেন, সামনে টি-টোয়েন্টি বিশ্বকাপ। ওর বিশ্বকাপ খেলার অভিজ্ঞতা আছে। ও আন্তর্জাতিক ক্রিকেট খেলেছে ওর সেঞ্চুরি আছে, ফিফটি আছে। অবশ্যই আমি মনে করি ওকে এখনই যত্নআত্তি করা উচিত। যদি কোনো সমস্যা থাকে সমাধান করা উচিত।

২০১৫ সালের অস্ট্রেলিয়া বিশ্বকাপে ফিল্ডিংয়ের সময় চোট পেয়ে জাতীয় দল থেকে ছিটকে যান বিজয়। এরপর একাধিকবার জাতীয় দলে ফিরলেও থিতু হতে পারেনি।

জাতীয় দলে অনিয়মিত হয়ে যাওয়া বিজয় প্রসঙ্গে বৃহস্পতিবার

বিকেএসপিতে মাশরাফি বলেন, এখান থেকে সরাসরি জাতীয় দল কেন? এখান থেকেও তো আরেকটা ধাপ থাকে। এরপরও কিন্তু আরেকটা লেভেল আছে। এইচপিএ টিম। কারণ ওই লেভেলটাও তো দেখতে হবে। ওই লেভেলে গিয়ে ও কেমন করছে। সো একটা জায়গা থেকে আমি মনে করি যে এটা যুক্তিসঙ্গত কথা যে, এখান থেকে রাডারের নিচে আসা। সেটা খুব গুরুত্বপূর্ণ। আর বিজয়ের কথা আমি এজন্যই বলব যে, বিজয়কে এখনি যত্নআত্তি করা উচিত।

মাশরাফি আরও বলেন, টার্নিং উইকেট, স্লো উইকেট যেকোনো উইকেটে সে কিন্তু ডোমিনেট করে রান করেছে দিস ইজ এক্সপেকশনাল ব্যাটিং, আপনি যেকোনো লেভেল বলেন। আমাদের ঘরোয়া ক্রিকেট লেভেল কিন্তু বিশেষ করে ডিপিএল অনেক উঁচুমানের। আমি মনে করি যে এখানে বিজয় যেভাবে দায়িত্ব নিয়ে ব্যাটিং করেছে, একটা দলকে যেভাবে টেনে এনেছে ৮০০+ রান করেছে। নিশ্চিতভাবে আমি মনে করি তাকে এখনই জাতীয় দলের আশপাশে আনা উচিত এবং তাকে নিয়ে কাজ করা উচিত।

পোলার্ডের অবসর নিয়ে যা বললেন গেইল

আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসরের ঘোষণা দিয়েছেন কায়রন পোলার্ড। ক্যারিবীয় এই তারকার অবসর মেনে নিতে পারছেন না সতীর্থ ক্রিস গেইল। পোলার্ডের অবসর ঘোষণার পর টুইট করে গেইল বলেন, বিশ্বাস করতে পারছি না আপনি আমার আগে অবসর নিয়েছেন। যাই হোক-আপনার আন্তর্জাতিক ক্যারিয়ারের জন্য অভিনন্দন। আপনার সাথে খেলাটা দারুণ উপভোগ্য ছিল। আপনার পরবর্তী জীবনের জন্য শুভ কামনা।

বুধবার ওয়েস্ট ইন্ডিজের তারকা অলরাউন্ডার কায়রন পোলার্ড জানিয়ে দিলেন তিনি আর দেশের হয়ে খেলবেন না। তবে আইপিএলসহ বিভিন্ন দেশের ফ্র্যাঞ্চাইজি ক্রিকেট চালিয়ে যাবেন।

পোলার্ড বর্তমানে আইপিএলে মুম্বাই ইন্ডিয়ান্সের হয়ে খেলছেন। মুম্বাই ইন্ডিয়ান্সের একাধিকবার শিরোপা জয়ে গুরুত্বপূর্ণ অবদান রয়েছে তার। পরিবারকে সময় দেওয়ার জন্য আন্তর্জাতিক ক্রিকেট থেকে বিদায় নিলেন ক্যারিবিয়ান এই অলরাউন্ডার।

২০০৭ সালের এপ্রিলে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হয় পোলার্ডের। ১৫ বছরের আন্তর্জাতিক ক্রিকেট ক্যারিয়ারে দেশের হয়ে ১২৩টি ওয়ানডে, ১০১টি টি-টোয়েন্টি ম্যাচে অংশ নিয়ে ব্যাট হাতে ৩টি সেঞ্চুরি আর ১৯টি অর্ধশতকের সাহায্যে ৪ হাজার ৭৫ রান সংগ্রহের পাশাপাশি বল হাতে ৯৭ উইকেট শিকার করেছেন।

৩৪ বছর বয়সী পোলার্ড এখন বিশ্বের বিভিন্ন প্রান্তে টি-টোয়েন্টি ক্রিকেট খেলেন। বিশ্বক্রিকেটে মারকুটে ব্যাটার হিসেবেই তিনি বেশ পরিচিত। পাশাপাশি পেস বোলিংয়েও কার্যকরী।

আন্তর্জাতিক ক্রিকেট ক্যারিয়ারে ইতি টেনে পোলার্ড বলেন, আগামীতে যারা ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেটকে এগিয়ে নিয়ে যাবে, তাদের জন্য জায়গা ছেড়ে দেওয়ার এটাই সঠিক সময়। আমার সমর্থন সব সময় ক্যারিবিয়ান দলের সঙ্গে থাকবে। ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেটকে সম্মান জানিয়েই ব্যাট তুলে রাখার সিদ্ধান্ত নিলাম।

সালাহর জোড়া গোলে ম্যানইউকে হারিয়ে শীর্ষে লিভারপুল

ম্যানচেস্টার ইউনাইটেডের জালে গোলের হালি পূর্ণ করে প্রিমিয়ার লিগের পয়েন্ট তালিকার শীর্ষে জায়গা করে নিল লিভারপুল। ম্যানসিটির চেয়ে দুই পয়েন্ট ব্যবধানে এগিয়ে গেল দলটি। এদিন গোল করে এক মাস ও ৬ ম্যাচ পরে গোল খরা কাটালেন লিভারপুলের মোহামেদ সালাহ। এদিন জোড়া গোলের দেখা পেয়েছেন লিভারপুলের এ মিসরীয় তারকা।

প্রিমিয়ার লিগে দুদলের সবশেষ ম্যাচটা ইউনাইটেড নিশ্চয়ই ভুলেই যেতে চাইবে। সে ম্যাচে সালাহ করেছিলেন হ্যাটট্রিক, রেড ডেভিলরা ডুবেছিল নিজেদের মাঠে ৫-০ গোলে হারের বিষাদে। অ্যানফিল্ডে আজ স্কোরলাইনটা সেদিনের চেয়ে একটু ‘ভদ্রস্থ’ দেখাচ্ছে বটে, তবে তাতে ইউনাইটেডের দুঃখ কম হবে না একটুও।

প্রিমিয়ার লিগের দুই লেগের লড়াই মিলিয়ে এর চেয়ে বড় সামগ্রিক ফল যে রেড ডার্বিই দেখেনি আর কখনও!

তবে ইউনাইটেডকে আগেই শোকের চাদরে মুড়িয়ে দিয়েছিল রোনাল্ডোর সন্তান হারানোর দুঃসংবাদটা। যে কারণে রোনাল্ডোকে আজকের ম্যাচে পানওনি কোচ র্যালফ র্যাংনিক। পর্তুগিজ মহাতারকাকে না পেয়ে জার্মান কোচ দলকে নামিয়েছিলেন ৩-৪-২-১ ছকে, রোনাল্ডোর না থাকার ফলে সৃষ্ট শূন্যতা তিনি ঢাকতে চেয়েছিলেন আগের দিনই দুর্ঘটনার কবলে পড়া ব্রুনো ফার্নান্দেজকে আরেকটু বেশি আক্রমণের দায়িত্ব দিয়ে। তবে সে দায়িত্বে যে তিনি ডাহা ফেল, তা স্কোরলাইন দেখেই আঁচ করা যায় খানিকটা। প্রমাণ মিলছে পরিসংখ্যানেও, প্রতিপক্ষ গোলরক্ষক অ্যালিসন বেকারকে পরীক্ষায় কেবল একবারই ফেলতে পেরেছিল ইউনাইটেড।

ওদিকে লিভারপুল শুরু থেকে আক্রমণাত্মক খেলেছে। ৫ মিনিটে সাদিও মানের পাস থেকে ডান পাশে বিশাল ফাঁকা জায়গায় বল পেয়ে যান সালাহ। সেখান থেকে নিচু ক্রসে লুইস ডিয়াজ করেন গোল, মহারণে শুরুতেই এগিয়ে যায় লিভারপুল। এর আগে অবশ্য ইউনাইটেড কিছুটা তীব্রতা নিয়ে ম্যাচে আসার ইঙ্গিত দিয়েছিল, তবে সেই গোলটা যেন সেসব ইঙ্গিত মার্সি নদীতে ভাসিয়ে দেওয়ার জোগাড়যন্ত্র সেরে দিয়েছিল।

সেই যে লিভারপুল ম্যাচে আধিপত্য দেখানো শুরু করল, তা চলল ম্যাচের শেষতক। ২২ মিনিটে সালাহ পেলেন তার প্রথম গোলের দেখা৷ বক্সে অনেকটা স্কুপ করার মতো করে সালাহকে পাস দিয়েছিলেন মানে, দারুণ এক ফার্স্ট টাচে আয়ত্তে নিতে বলটা জালে পাঠালেন লিভারপুলের প্রাণভোমরা। বিরতির আগে আর গোলের দেখা পায়নি লিভারপুল। তাতে অবশ্য ইউনাইটেডের বড় হারের শঙ্কা উবে যায়নি। শুরুর ৪৫ মিনিটে যেভাবে ছড়ি ঘুরিয়েছে লিভারপুল, তাতে আরেকটা ৫-০ কে মনে হচ্ছিল সময়েরই ব্যাপার মাত্র।

৬৬ মিনিটে মানের গোলে ইউনাইটেডের সে শঙ্কাটা আরও বাড়ে বৈকি। ৮৫ মিনিটে সালাহ বল পেলেন বক্সের একটু আগে, বক্সে থাকা অ্যারন ওয়ান বিসাকাকে বোকা বানিয়ে করেন চতুর্থ গোলটা। যোগ করা সময়ে একটা সুযোগ নষ্ট করেন সালাহ, না হয় হ্যাটট্রিকটাও হয়ে যেত তার। তাতে কেবল স্কোরলাইনটাই আর বড় হয়নি, তবে তাই দলের লিগ জেতার আশা টিকিয়ে রাখার জন্য ছিল যথেষ্ট।

এই জয়ের পর ৩২ ম্যাচে ৭৬ পয়েন্ট নিয়ে সাময়িকভাবে লিগের শীর্ষেও চলে এসেছে দলটি। যদিও এক ম্যাচ কম খেলে সিটি নিজেদের পরের ম্যাচ জিতলে ক্লপের দল চলে যাবে দ্বিতীয় স্থানে।

ওদিকে ইউনাইটেড নেমে গেছে ছয়ে। ৩৩ ম্যাচে ৫৬ পয়েন্ট দলটির। এই অবস্থানে লিগ শেষ করলে ইউনাইটেড চ্যাম্পিয়নস লিগ তো বটেই, ইউরোপা লিগও খেলা হবে না দলটির। নতুন কোচ এরিক টেন হ্যাগ আসার আগে যে এই পরিস্থিতির পরিবর্তন চাইবেন র্যাংনিক, তা বলাই বাহুল্য।

নবজাতক ছেলেকে হারালেন রোনালদো

নবজাতক ছেলেকে হারালেন পর্তুগাল ও ম্যানচেস্টার ইউনাইটেডের মহাতারকা ক্রিশ্চিয়ানো রোনালদো। সোমবার দিবাগত রাতে রোনালদো নিজেই তার ভেরিফাইড ইন্সটাগ্রামের একটি পোস্ট দিয়ে বিষয়টি জানিয়েছেন। ইনস্টাগ্রাম বিবৃতিতে রোনালদো লিখেছেন, গভীর দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, আমাদের ছেলে শিশুটি মারা গেছে। সন্তানহারা বাবা-মা মাত্রই এ ব্যথা অনুধাবন করতে পারবেন। তবে এরপরই বার্তায় আরও বলা হয়েছে, সদ্য ভূমিষ্ট মেয়ে শিশুটি আমাদের বেঁচে থাকার শক্তি যোগাচ্ছে। চিকিৎসক ও নার্সসহ সবাইকে ধন্যবাদ। এই অপূরণীয় ক্ষতিতে আমরা বিধ্বস্ত হয়ে পড়েছি এবং কঠিন সময় কাটিয়ে উঠতে ব্যক্তিগত গোপনীয়তা রক্ষার অনুরোধ করছি সবার কাছে।

ভূমিষ্ট হওয়ার আগেই মারা যাওয়া ছেলে শিশুকে নিয়ে রোনালদো- জর্জিনা বলেন, আমাদের ছেলে, তুমি আমাদের দেবতা। আমরা সবসময় তোমাকে ভালোবাসি।

রোনালদোর বড় সন্তান ক্রিস্টিয়ানো জুনিয়র ২০১০ সালে যুক্তরাষ্ট্রে জন্ম নেয়। সেখান থেকে তাকে মাদ্রিদে নিয়ে আসা হয়। তার মায়ের পরিচয় কখনো জানা যায়নি। ২০১৭ সালে সারোগেট পদ্ধতিতে যমজ সন্তান এভা ও মাতেওর বাবা হন। ২০১৭ সালের ১২ নভেম্বর জর্জিনার কোল আলো করে জন্ম নেয় কন্যাসন্তান আলাইনা।

নতুন করে যমজ জোড়া সন্তান জন্ম নেওয়ার অপেক্ষায় ছিল। তবে এখন পর্যন্ত বেঁচে আছে কন্যা শিশুটি। এ নিয়ে ৩৭ বছর বয়সী রোনালদোর ঘরে এখন পাঁচ সন্তান।

নেইমার-এমবাপ্পের গোলে শিরোপার আরও কাছে পিএসজি

লিগ টেবিলের শীর্ষ দুই দলের লড়াইয়ে ম্যাচজুড়ে আক্রমণে আধিপত্য দেখাল পিএসজি। গোলের দেখা পেলেন নেইমার ও কিলিয়ান এমবাপ্পে। মার্সেইকে হারিয়ে শিরোপা পুনরুদ্ধারের পথে আরেক ধাপ এগিয়ে গেল মাওরিসিও পচেত্তিনোর দল।

ঘরের মাঠে রোববার রাতে লিগ ওয়ানের ম্যাচটি ২-১ গোলে জিতেছে পিএসজি। আবারও তারা এগিয়ে গেছে ১৫ পয়েন্টে, বাকি আর ছয় রাউন্ড। গত দুই রাউন্ডে গোল উৎসব করে ক্লেহমোঁকে ৬-১ ও লরিয়েঁকে ৫-১ ব্যবধানে হারিয়েছিল প্যারিসের দলটি।

১২তম মিনিটে প্রথম ভালো আক্রমণ থেকে এগিয়ে যায় পিএসজি। মাঝমাঠের কাছাকাছি থেকে মার্কো ভেরাত্তির লম্বা করে বাড়ানো বল ডি-বক্সে প্রথম স্পর্শে চিপ শটে জালে পাঠান নেইমার। এ নিয়ে সবশেষ তিন ম্যাচে ব্রাজিলিয়ান তারকার গোল এখন ৬টি। ক্লেহমোঁর বিপক্ষে হ্যাটট্রিকের আগে লরিয়েঁর বিপক্ষে করেছিলেন টি।

১৮তম মিনিটে দানিলো পেরেইরার থ্রু বল ধরে ওয়ান-অন-ওয়ানে বাইরে মারেন এমবাপ্পে। যদিও অফসাইডের বাঁশি বাজান রেফারি। একটু পর ডি-বক্সের সামনে থেকে লিওনেল মেসির ফ্রি-কিক উড়ে যায় ক্রসবারের ওপর দিয়ে। ৩১তম মিনিটে সমতায় ফেরে মার্সেই। কর্নার সামনে ঝাঁপিয়ে পাঞ্চ করার চেষ্টায় ক্লিয়ার করতে পারেননি জানলুইজি দোন্নারুম্মা। জটলার মধ্যে বল ক্লিয়ার করতে পারেননি পিএসজির ডিফেন্ডাররাও। কাছ থেকে জালে পাঠান ক্রোয়াট ডিফেন্ডার কালেতা কার।

খেলার ৩৩তম মিনিটে ২৫ গজ দূর থেকে নেইমারের বুলেট গতির ফ্রিকিক ঝাঁপিয়ে কর্নারের বিনিময়ে রক্ষা করেন মার্সেই গোলরক্ষক। একটু পর ডিবক্সে নেইমারের পাসে এমবাপ্পের ভলি লক্ষ্যে থাকেনি। ৪১তম মিনিটে মেসি জালে বল পাঠালেও গোল মেলেনি। তাকে পাস দেওয়া নুনো মেন্দেস আক্রমণের শুরুতে অফসাইডে ছিলেন।

প্রথমার্ধের শেষ দিকে নেইমারের শট ডিবক্সে প্রতিপক্ষ ডিফেন্ডারের হাতে লাগলে পেনাল্টির জোরাল আবেদন করেন পিএসজি খেলোয়াড়রা, কিন্তু তখন রেফারির সাড়া মেলেনি। পরক্ষণে মেসি আবার জালে বল পাঠালেও অফসাইডের পতাকা তোলেন লাইন্সম্যান। এর পর ভিএআরের সাহায্যে আগের ঘটনার জন্য পেনাল্টির বাঁশি বাজান রেফারি। সফল স্পটকিকে দলকে আবার এগিয়ে নেন এমবাপ্পে।

চলতি লিগ ওয়ানের সর্বোচ্চ গোলদাতা এই বিশ্বকাপজয়ী তারকার ২৯ ম্যাচে গোল হলো ২১টি। এমবাপ্পেও এই নিয়ে সবশেষ তিন ম্যাচে গোলের দেখা পেলেন ৬ বার। নেইমারের মতোই ক্লেহমোঁর বিপক্ষে হ্যাটট্রিকের আগে লরিয়েঁর বিপক্ষে করেছিলেন দুটি।

দ্বিতীয়ার্ধে পরিষ্কার সুযোগ তৈরি করতে পারছিল না কেউ। ৭৩তম মিনিটে মাঝমাঠ থেকে মেসির পাস ধরে বক্সে ঢুকে পড়েন এমবাপ্পে। তবে প্রতিপক্ষ ডিফেন্ডারের ট্যাকলে শট নিতে পারেননি তিনি। একটু পর মেসির আরেকটি পাসে এমবাপে জালে বল পাঠালেও অফসাইডের বাঁশি বাজান রেফারি। নির্ধারিত সময়ের পাঁচ মিনিট বাকি থাকতে দিমিত্রি পায়েতের ফ্রি-কিকে কাছ থেকে জালে বল পাঠিয়ে উদযাপন শুরু করে দেন মার্সেইয়ের উইলিয়াম সালিবা। তবে ভিএআরের সাহায্যে অফসাইডের বাঁশি বাজান রেফারি।

৩২ ম্যাচে ২৩ জয় ও ৫ ড্রয়ে পিএসজির পয়েন্ট এখন ৭৪। সমান ম্যাচে ৫৯ পয়েন্ট নিয়ে দুইয়ে মার্সেই। তিন নম্বরে রেনের পয়েন্ট ৫৬। নিজেদের পরের ম্যাচে আগামী বুধবার অঁজির বিপক্ষে খেলবে পিএসজি। ওই ম্যাচে জিতলেই দশম লিগ শিরোপা নিশ্চিত হয়ে যেতে পারে তাদের। একই দিন নঁতের মুখোমুখি হবে মার্সেই।

বাংলাদেশের বিপক্ষে দল ঘোষণা শ্রীলংকার

বাংলাদেশের বিপক্ষে আসন্ন টেস্ট সিরিজের জন্য ২৩ সদস্যের দল ঘোষণা করেছে শ্রীলংকা ক্রিকেট বোর্ড। বাদ পড়েছেন লাহিরু থিরিমান্নে ও চরিথ আসালাঙ্কা। তবে দলে চমক হিসেবে থাকছেন রোশান

সিলভা ও ওশাধা ফার্নান্দো।

শুক্রবার শ্রীলংকার ক্রিকেট বোর্ডের পক্ষ থেকেএক বিজ্ঞপ্তিতে দল ঘোষণার বিষয়টি নিশ্চিত করা হয়।

অর্থনৈতিক ও রাজনৈতিক ক্ষেত্রে ভয়াবহ সংকটে টালমাটাল শ্রীলংকা। নিত্যপ্রয়োজনীয় পণ্যের তীব্র ঘাটতির ফলে বেশ বিপাকে দ্বীপ রাষ্ট্রটি।

এর প্রভাব পড়েছে লংকান ক্রিকেটাঙ্গনে। শঙ্কা ছিল আগামী মে মাসে বাংলাদেশ-শ্রীলংকা টেস্ট সিরিজ আয়োজন নিয়েও। তবে সেই শঙ্কা অনেকটাই কেটে গেছে বাংলাদেশের বিপক্ষে আসন্ন টেস্ট সিরিজের জন্য শ্রীলংকার ২৩ সদস্যের প্রাথমিক দল ঘোষণার মধ্য দিয়ে।

লংকান বোর্ডের দেওয়া স্কোয়াড থেকে বাদ পড়েছেন ভারত সফরে থাকা বেশ কয়েকজন ক্রিকেটার। জায়গা হারিয়েছেন লাহিরু থিরিমান্নে ও চরিথ আসালাঙ্কা। দলে অন্তর্ভুক্ত করা হয়েছে রোশান সিলভা ও ওশাধা ফার্নান্ডোকে। তবে দলে সুযোগ পাননি লংকান ন্যাশনাল সুপার লিগ ২০২২-এ সর্বোচ্চ রান সংগ্রহ করা কামিন্ডু মেন্ডিস।

প্রাথমিক স্কোয়াড থেকে ১৮ সদস্যের চূড়ান্ত স্কোয়াড নিয়ে বাংলাদেশ সফরে আসবে শ্রীলংকা। দুই ম্যাচ সিরিজের প্রথম টেস্ট আগামী ১৫ মে চট্টগ্রামে অনুষ্ঠিত হবে। ২৩ মে ঢাকায় হবে দ্বিতীয় টেস্ট।

শ্রীলংকান স্কোয়াডে আছেন- কারুনারত্নে, ফার্নান্দো, নিসানকা, ধানাঞ্জায়া, ম্যাথউস, মিসারা, মেন্ডিস, রোশান, ডিকোয়ালা, চান্দিমাল, রমেস, চামিকা, রাজিথা, ভিসোয়া, আসিথা, মধুসানকা, শিরান, শিরাজ, প্রভিন, লাসিথ, জেফরি, লাকসিথা, লাকসান।